

কবিতা

কবিতা মানে সস্তা কোনো রোমান্টিকতা নয়
কবিতা শুধু বস্তা-পঁচা কোনো কাব্যরচনা নয়।

কবিতা হলো জীবন, জগৎ ও মহাবিশ্বের উৎপত্তি বিকাশের কাব্যরচনা
সাথে শুধু নক্ষত্রের নিটল প্রাণময় জীবনের
মানবিক ও সৌন্দর্যের পিপাসাপনা।

নয় কোন মানুষের গড়া তথাকথিত সভ্যতার
কুঠিল ও জটিল এবং হিংস্র ও হিংসার দাবানল।
কবিতা হবে শুধু, শুধু অনাগত ভবিষ্যতের উজ্জ্বল
নক্ষত্রের আলোময় আভা।

প্রেম ও ভালোবাসা

অনন্ত মহাবিশ্বের সব কিছুই ভেঙ্গে পড়ে,
তা সে, যে বস্তু দিয়েই গড়া হোক না কেন।
হোক না সে প্রাণ বা জড়বস্তু, তাতে কী
কিন্তু তাকে ভেঙ্গেই চুরমার হতেই হবে॥
আর তা আজ বা কাল অথবা লক্ষ কোটি বছরের পর বছরই হোক না.....
আমরা কিন্তু তারপরও জীব ও জড় জগতের মানুষেরা
কত কী নাই করি এই ক্ষুদ্র জীবনকে সাঁজাতে।
আর ততোধিক এ জীবনে হা-হতাশ করতে করতে
জীবনলীলা সাজ করি, শেষেতো
এবং সবকিছুর পর থাকে বিবর্তনের
ধারাবাহিকতায় মানুষের মানবীয় প্রেম ও ভালোবাসা
শুধু অনন্ত কাল ধরে।

বন্ধু কে -

কথা ছিল কী আর করেছ কি?
কথা ছিল নিজের ও অন্যের কাছে থাকবে সৎ।
আর নিজের কাছে সৎ থাকা ছাড়া
অন্য সবই তো কুপমুণ্ডকতা বা ভন্ডামী।
তুমি কিন্তু শেষেতো থাকনি সৎ,
করেছো শুধু নষ্টামি,
তোমার সকল উচ্চমার্গের কথা
নিছক আজ শুধু নোংরামি,
নিজে যা বলতে, তা তুমি হয়তো নিজেই বুঝনি।
কারণ, ভন্ডামী ও সততা একসাথে চলতে পারে নি,
তাইতো এখানেই তোমার জীবন হলো নিম্নগামী।

